গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়**
সচিবালয় ভবন, ৩য় ফেজ,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।

স্মারক নং সিজিএ/প্রশা-২/নিয়োগ/২০১০/৭১১/৩১০৭ তারিখ ২৭/০২/২০১১খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা কার্যালয়ের অঘোষিত কর্মচারী এম,এল,এস,এস এর শূন্য পদসমুহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|
| ০১ | **এম এল এস এস**<br>স্কেল ৪১০০-৭৭৪০/- এবং তৎসহ সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য ভাতাদি। | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, চাঁদপুর, লক্ষীপুর, নড়াইল, মাগুড়া, বরিশাল, বরগুনা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর এবং ভোলা । |

**পালনীয় শর্তাবলী ঃ**

**১। নিম্নে প্রদর্শিত ছকে স্বহস্তে লিখিত আবেদন পত্র প্রেরণ করতে হবে।**

বরাবর
হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ
সেগুনবাগিচা, ঢাকা

সত্যায়িত ছবি
ষ্টাপলার দ্বারা
লাগাতে হবে

বিষয় ঃ- ........................................... পদের জন্য আবেদন
১। নামঃ ..............................................
২। পিতার নাম ঃ ..............................
৩। মাতার নাম ঃ...............................
৪। স্বামীর নাম (বিবাহিত মহিলাদের ক্ষেত্রে ) .................
৫। স্থায়ী ঠিকানাঃ ....................................
৬। বর্তমান ঠিকানা ঃ ................................
৭। নিজ জেলা ঃ ....................................
৮। জন্ম তারিখ ঃ ..................................
৯। জাতীয়তা ঃ .......................................
১০। ধর্ম ঃ ............................................
১১। ৩১/০৩/২০১১খ্রিঃ তারিখে বয়স ঃ ............বৎসর ............মাস ...............দিন।
১২। প্রার্থীত বিশেষ কোটার বিবরণ ঃ.......................................
১৩ শিক্ষাগত যোগ্যতার বিবরণ ঃ.............................

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ/গ্রেড | পাশের বছর | শিক্ষা প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| (ক) | | | | |
| (খ) | | | | |
| (গ) | | | | |
| (ঘ) | | | | |

সংযুক্তি (বর্ণনা সহ) ঃ
১। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ............................. তারিখঃ....................... ব্যাংকের নাম ..........................
২।....................................
৩।....................................
৪। ....................................

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

**প্রবেশ পত্র**

পরীক্ষার কেন্দ্র, তারিখ, রোল নং, সময় অফিস কর্তৃক পূরনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়**
সচিবালয় ভবন, ৩য় ফেজ,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।

ছবি
(এক কপি আঠা দিয়ে লাগাতে হবে)

রোল নং জেলা/.........................................................
পরীক্ষার কেন্দ্রের নাম ঃ.................................................. নাম ঃ ..................................................................
পরীক্ষার তারিখ ঃ................................................. পিতার নাম ঃ ..............................................................
পরীক্ষার সময় ঃ.................................বর্তমান যোগাযোগের ঠিকানাঃ ..............................................................
..............................................................

**নোট ঃ প্রবেশ পত্র দুই কপি লাগবে।**

২। **আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজ পত্র অবশ্যই সংযুক্ত করতে হবেঃ**

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ১(এক) কপি আবেদনপত্রের সাথে এবং দুইটি প্রবেশ পত্রের সাথে ২(দুই) কপিসহ মোট ৩(তিন) কপি রঙ্গিন/সাদা কালো ছবি।

(খ) যারা এস এস সি পাশ করেননি তাদের বয়স প্রমানের জন্য সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে গৃহীত জন্ম তারিখের স্বপক্ষে সনদের সত্যায়িত কপি সংযুক্তি করতে হবে।

(গ) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।

( ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

(ঙ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লিখিত এবং ৫(পাঁচ) টাকার ডাক টিকিট সম্বলিত ১০" × ৪.৫" মাপের একটি খাম সংযুক্ত করতে হবে।

(চ) ''হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ'' বরাবর ৫০ (পঞ্চাশ) টাকার অফেতযোগ্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন সিডিউল ব্যাংক হতে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

(ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের অনুকূলে সংরক্ষিত কোটা, মহিলা কোটা, উপজাতীয় কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষাবাহিনীর কোটা, এতিম খানার কোটা ও শারীরিক প্রতিবন্ধী কোটাসহ যাবতীয় কোটা সংরক্ষন সংক্রান্ত সরকারী নির্দেশ মোতাবেক নিয়োগ সম্পন্ন করা হবে। তবে সংশ্লিষ্ট প্রতিটি ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরী প্রার্থীদেরকে আবেদন পত্রের সঙ্গে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা মাতার মুক্তিযোদ্ধার সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। একই সাথে আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

(ঝ) আবেদন পত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য কাগজ পত্র সত্যায়িত করার ক্ষেত্রে প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা ব্যতীত অন্যকোন প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করা হলে কিংবা সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরের নীচে নাম পদবী সম্বলিত সীল না থাকলে কিংবা সীলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম ও পদবী পাঠযোগ্য না হলে আবেদন পত্র বিবেচিত হবেনা।

(ঞ) আবেদন পত্র সমূহ সর্বশেষ **৩১/০৩/২০১১ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে। শুধু মাত্র সাধারন ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র গৃহীত হবে (রেজিষ্টার্ড ডাক যোগে অথবা সরাসরি/হাতে হাতে কোন আবেদন পত্র গৃহীত হবে না)

(ট) সরকারী/আধা সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে ও আবেদন পত্র সমূহ সর্বশেষ **৩১/০৩/২০১১ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে।

(ঠ) প্রেরিত আবেদন পত্রের খামের উপরে আবেদনকৃত 'পদের নাম' ও 'নিজ জেলা ' স্পস্ট করে উল্লেখ করতে হবে।

(ড) আবেদনকারীর বয়স **৩১/০৩/২০১১ খ্রিঃ** তারিখে ১৮ বৎসরের নিচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে হতে পারবে না। অর্থাৎ সাধারন কোটায় যাদের জন্ম তারিখ ০১/০৪/১৯৮১খ্রিঃ হতে ০১/০৪/১৯৯৩খ্রিঃ এর মধ্যে এবং মুক্তি যোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে যাদের জন্ম ০১/০৪/১৯৭৯খ্রিঃ হতে ০১/০৪/১৯৯৩খ্রিঃ এর মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন।

৩। **শর্তাবলী ঃ**

(ক) নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত এই দপ্তরের অধীন কার্যালয়ে পদস্থাপন করা যাবে।
(খ) আবেদন পত্রে নিজ জেলা সম্মন্ধে ভূল তথ্য পরিবেশন করা হলে এবং পুলিশী তদন্তে তা প্রমানিত হলে প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন পূর্বক তাকে চাকুরীচ্যুত করাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
(গ) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীদের কোন প্রকার দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবেনা।
(ঘ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ন আবেদন পত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র গ্রহন/বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(চ) পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ঘটতে পারে ।
(ছ) নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

**বিঃ দ্রঃ আবেদন পত্রের নমুনা এ কার্যালয়ের ওয়েব সাইটে (www.cga.gov.bd) পাওয়া যাবে ।**

স্বা-
( শিকদার রাশেদ কামাল )
উপ-হিসাব মহা নিয়ন্ত্রক ( প্রশাসন )
ফোন ঃ ৯৩৫৬৫০৯